# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৪৩২

২৩/ বাণিজ্য ও উপার্জন

পরিচ্ছেদঃ ঋণ দেওয়া, পরিশোধ নেওয়া, পাওনাদারের পাওনা আদায়

## আরবী

عَنْ أَبِى قَتَادَةَ عَنْ رَسُولِ اللهِ ﷺ أَنَّهُ قَامَ فِيهِمْ فَذَكَرَ لَهُمْ أَنَّ الْجِهَادَ فِى سَبِيلِ اللهِ وَالإِيمَانَ بِاللهِ أَفْضَلُ الأَعْمَالِ فَقَامَ رَجُلٌ فَقَالَ يَا رَسُوْلَ اللهِ أَرَأَيْتَ إِنْ قُتِلْتُ فِى سَبِيلِ اللهِ تُكَفَّرُ عَنِّى خَطَايَاىَ؟ فَقَالَ لَهُ رَسُوْلُ اللهِ ﷺ نَعَمْ إِنْ قُتِلْتَ فِى سَبِيلِ اللهِ وَأَنْتَ صَابِرٌ مُحْتَسِبٌ مُقْبِلٌ غَيْرُ مُدْبِرٍ ثُمَّ قَالَ رَسُوْلُ اللهِ ﷺ كَيْفَ قُلْتَ قَالَ أَرَأَيْتَ إِنْ قُتِلْتُ فِى سَبِيلِ اللهِ أَتُكَفَّرُ عَنِّى خَطَايَاىَ؟ فَقَالَ رَسُوْلُ اللهِ ﷺ نَعَمْ وَأَنْتَ صَابِرٌ مُحْتَسِبٌ مُقْبِلٌ غَيْرُ مُدْبِرٍ إِلاَّ الدَّيْنَ فَإِنَّ جِبْرِيلَ عَلَيْهِ السَّلاَمُ قَالَ لِى ذَلِكَ

## বাংলা

(২৪৩২) আবূ ক্বাতাদাহ (রাঃ) বলেন, একদা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সাহাবাদের মাঝে দণ্ডায়মান হয়ে উল্লেখ করলেন, আল্লাহর রাস্তায় জিহাদ ও আল্লাহর প্রতি ঈমান সর্বশ্রেষ্ঠ আমল। এ কথা শুনে এক ব্যক্তি দাঁড়িয়ে বলল, হে আল্লাহর রসূল! আপনি কী মনে করেন, যদি আমি আল্লাহর রাস্তায় খুন হয়ে যাই, তাহলে কি আমার পাপসমূহকে মাফ করা হবে?' আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, হ্যাঁ। যদি তুমি ধৈর্যের সাথে সওয়াব লাভের উদ্দেশ্যে অগ্রসর হয়ে এবং পশ্চাদপদ না হয়ে আল্লাহর রাস্তায় খুন হয়ে যাও তাহলে।

অতঃপর (সে যখন কিছু দূর চলে গেল, তখন তাকে ডেকে) বললেন, তুমি কী যেন বললে? সে বলল, আপনি কী মনে করেন, যদি আমি আল্লাহর রাস্তায় খুন হয়ে যাই, তাহলে কি আমার পাপসমূহকে মাফ করা হবে? রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, হ্যাঁ। যদি তুমি ধৈর্যের সাথে সওয়াব লাভের উদ্দেশ্যে অগ্রসর হয়ে এবং পশ্চাদপদ না হয়ে আল্লাহর রাস্তায় খুন হয়ে যাও তাহলে। তবে ঋণ পরিশোধ না করার পাপ মাফ করবেন না। কারণ, জিবরীল আমাকে এ কথাই বললেন।

## ফুটনোট

(মুসলিম ৪৯৮৮, ইবনে হিব্বান ৪৬৫৪, মুঅত্ত্বা ৩৭৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবূ কাতাদাহ্‌ আল-আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=66180

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন